# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস

## এড হক কমিটির ৩য় সভার কার্যবিবরণী
## তারিখ : ১৬ মার্চ ২০১৫

১। উপস্থিতি ঃ সর্বমোট ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। সদস্যদের নামের তালিকা সংযুক্ত।

২। মেজর জেনাঃ কাজী আশফাক আহমেদ, পিএসসি (অবঃ) প্রেসিডেন্ট, এড-হক কমিটি, উক্ত সভায় সভাপতিত্ব করেন।

৩। পরম করুনাময় আল্লাহ্ তালার নাম স্বরন করিয়া সভার কার্যক্রম শুরু করা হয়। অত্র সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| বিষয় | কার্যক্রম |
|---|---|
| **আইটেম -০১ ঃ এড হক কমিটির ২য় সভার কার্যবিবরনী অনুমোদন ঃ** | |
| ৪। গত ০১ মার্চ ২০১৫ তারিখে অনুষ্ঠিত এড হক কমিটির ২য় সভার কার্যবিবরনী এড-হক কমিটির সেক্রেটারী অত্র সভায় উপস্থাপন করেন। তিনি উক্ত সভার সিদ্ধান্তের উপরে কাজের অগ্রগতি নিম্নরুপ সকলকে অবহিত করেন। | |
| ক। 'ডিওএইচএস এর তথ্য প্রদান - সকল আয় ও ব্যয়ের খাত' উয়ারি প্রতিবেদন অত্র পরিষদ পত্র নং ডিওএইচএস-বা/১১১/হিসাব, তারিখ ১০ মার্চ ২০১৫ মারফত ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রেরণ করা হয়েছে। | - |
| খ। ক্যান্টনমেন্ট বোর্ড ডিওএইচএস কনভেনশন হলের গৃহকর ১,১৭,০০০.০০ (এক লক্ষ সতের হাজার) টাকা ধার্য্য করে পরিশোধের জন্য পত্র লিখেন। অত্র পরিষদের হিসাব অনুযায়ী গৃহকর কেবলমাত্র টাকা ২৭,৩০০.০০ (সাতাইস হাজার তিনশত) প্রযোজ্য, বিধায় আমরা ক্যান্টনমেন্ট বোর্ডকে এ বিষয়ে আমাদের পত্র নং ডিওএইচএস-বা/২০৮/কনভেনশন তারিখ ২২ ফেব্রুয়ারি ২০১৫ অনুযায়ী পত্র লিখেছি, এখনও সিদ্ধান্ত হয় নাই। | - |
| গ। ট্রানজিট ক্যাম্প হতে ডিওএইচএস এলাকায় রিক্সা চলাচলের দরপত্র আহবান করা হয়েছে। চুক্তি চূড়ান্ত পর্বে রয়েছে। | - |
| ঘ। একজন ড্রাইভার দিয়ে প্রত্যহ এ্যাম্বুলেন্স চালানো সম্ভব নয় বিধায় উক্ত ২জন ড্রাইভারকে বহাল রাখার সিদ্ধান্ত হয়। | সেক্রেটারী |
| ঙ। ট্রেনার মিস তাহমিনা আক্তারের চিকিৎসার জন্য সর্বমোট - ১,১৫,০০০.০০ (এক্ষ পনের হাজার) টাকা পাওয়া গিয়াছে। মিস তাহমিনা আক্তারকে ৯০,৫০০.০০ (নব্বই হাজার পাচঁশত) টাকা প্রদান করা হয়েছে। অবশিষ্ঠ ২৫,০০০.০০ (পচিঁশ হাজার) টাকা পরিষদ ফান্ডে একটি Benevolent Fund সাব লেজার একাউন্ট হিসাবে রাখার সিদ্ধান্ত হয়। | ট্রেজারার |
| ৫। উপরোক্ত তথ্য অবহিত হওয়ার পর উক্ত কার্যবিবরনী সঠিক বলিয়া অনুমোদন করার জন্য কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ প্রস্তাব করেন এবং কমোঃ শহীদ সরোয়ার নিজাম, বিএন (অবঃ) সমর্থন করেন। এমতাবস্থায়, উক্ত কার্যবিবরণী সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| **আইটেম - ২ ঃ অনন্যা সুপার মার্কেটের সমূখে গার্বেজ পয়েন্টে পেইটিং ও ব্রিক সলিং করণ** | |
| ৬। অনন্যা সুপার মার্কেটের সমূর্খে গার্বেজ পয়েন্টের দেওয়াল পেইটিং ও সমূখে ব্রিকসলিং এর কাজের জন্য ডেভেলপমেন্ট সাব-কমিটির সুপারিশ সহ খরচের অংক অনুমোদনের জন্য উপস্থাপন করার সিদ্ধান্ত হয় এবং কাজ করানোর সিদ্ধান্ত হয়। | মেম্বার এ্যাডমিন |

**আইটেম - ৩ ঃ মোম্বার এ্যাডমিন কর্তৃক চাহিদাকৃত ০৮ জন ঝাড়ুদার নিয়োগ প্রসংগে**

৭। বর্তমানে বিরাজমান Organogram অনুযায়ী ২১জন ঝাড়ুদারের স্থলে ২০জন জনবল আছে কেবল একটি পদ শূণ্য আছে। ডিওএইচএস পরিস্কার পরিচন্ন রাখার জন্য আরও ০৮ জন ঝাড়ুদার দরকার বিধায় নিয়োগ দেয়ার সিদ্ধান্ত হয়।

মেম্বা এ্যাডমি

**আইটেম - ৪ ঃ মেম্বার সিকিউরিটি কর্তৃক চাহিদাকৃত সিকিউরিটি শাখার জন্য আরও একজন অতিরিক্ত সিকিউরিটি সুপারভাইজারের চাহিদা**

৮। বর্তমানে Organogram অনুযায়ী সিকিউরিটি শাখায় ৭ জন প্রাধিকার আছে আর জনবলে আছে ৮ জন সিকিউরিটি সুপারভাইজার। বিষয়টি আলাপ আলোচন্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ওয়া ঃ অফিঃ মোঃ জাকির হোসেন তালুকদার (অবঃ) কেবলমাত্র সিকিউরিটি শাখার কাজে নিয়োজিত থাকিবেন। আর ০১ জন সিকিউরিটি সুপারভাউজার সিকিউরিটি শাখা হতে এ্যাডমিন শাখায় এ্যাডমিন সুপারভাউজার হিসাবে স্থানান্তর করা হবে।

সেক্রেট

**আইটেম - ৫ ঃ ডিওএইচএস পরিষদের হিসাব শাখায় একজন দক্ষ হিসাব রক্ষক নিয়োগ প্রসংগে ঃ**

৯। ডিওএইচএস পরিষদে ৪টি হিসাব যথা, পরিষদ হিসাব, সিকিঃ এন্ড এ্যাডমিন হিসাব, মসজিদ হিসাব ও কনভেনশন সেন্টারের হিসাব রয়েছে। পূর্বের থেকে কাজের পরিধি যথেষ্ট বৃদ্ধি পাওয়ায় আমাদের আরও দক্ষ কমার্স ব্যাকগ্রাউন্ডের একজন হিসাব রক্ষক প্রয়োজন। ট্রেজারারের চাহিদা অনুযায়ী একজন দক্ষ হিসাব রক্ষক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, উপযুক্ত হিসাব রক্ষক পাওয়া গেলে বর্তমান হিসাব রক্ষক সিঃ ওয়াঃ অফিঃ মোহাম্মদ আলী মিয়াকে অফিস সুপার হিসাবে নিয়োগ দেয়া যেতে পারে।

ট্রেজার

**আইটেম - ৬ ঃ কমিউনিটি ভবনের নির্দিষ্ট ফিটনেস সেন্টারকে পাটি রুম হিসাবে রুপান্তর করন ঃ**

১০। কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) প্রস্তাবটি উপস্থাপন করেন। বিষদ আলোচন্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ ফিটনেস সেন্টারকে পাটি কক্ষ হিসাবে রুপান্তর করাসহ কনভেশন সেন্টারের চুক্তিনামা এবং বাহিরের আলোকসজ্জা চুক্তিনামা পুনরায় পর্যালোচনা করে একটি পূনাঙ্গ প্রস্তাব উপস্থাপনের জন্য নিম্নলিখিত উপ-কমিটি গঠন করা হয়।

কনভেনার ঃ লেঃ কর্ণেল মোঃ আবদুল খালেক, পিএসসি (অবঃ)
সদস্য ঃ ১। ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাসিম খান, এনডিসি, পিএসসি (অবঃ)
২। কর্ণেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ)
৩। লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দেলোয়ার হোসেন (অবঃ)

উপ-ক

উক্ত কমিটি যথার্শীগ্র তাহাদের প্রস্তাব এড হক কমিটির অনুকুলে পেশ করিবেন।

**আইটেম - ৭ ঃ ডিওএইচএস এলাকায় রিক্সা চলাচলের চুক্তিনামা**

১১। উক্ত কাজে মোট ৬ জন দরপত্র প্রদান করেন। নিম্নলিখিত ২ জনের কোন বৈধ লাইসেন্স/ গ্যারেজ না থাকায় অযোগ্য ঘোষনা করা হয়।

মেম্বা সিকিউ

১। মোঃ ওমর ফারুক
২। জনাব মোঃ হুমায়ন কবির তালুকদার (বিজয়)

১২। অবশিষ্ট নিম্নলিখিত ৪ জনের সাথে ৪০টি করিয়া রিক্সা চলাচলের চুক্তিনামা চূড়ান্ত করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। উক্ত চুক্তিনামা ০১ এপ্রিল ২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

১। মোঃ সুলতান, পিতা ঃ তোতা মিয়া,
জোয়ারসাহারা, খাঁ পাড়া, ঢাকা

২। মোঃ জয়নাল, পিতা ঃ তোতা মিয়া
জোয়ারসাহারা, খাঁ পাড়া

৩। মোঃ কাজল মিয়া, পিতাঃ মোঃ নেওয়াজ মিয়া,
জোয়ারসাহারা, খাঁ পাড়া, রেল কলোনী, ঢাকা

৪। মোঃ মনির হোসেন, পিতাঃ মোঃ আবুল বসার,
জোয়ারসাহারা, ঢাকা

<u>আইটেম - ৮ ঃ পহেলা বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ উদযাপন প্রসংঙ্গে</u>

১৩। পহেলা বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ কনভেনশন সেন্টার কমপ্লেক্সে কেবল মাত্র পহেলা বৈশাখ ১৪২২ তারিখে উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যথাযথ কার্যগ্রহন করার জন্য সেক্রেটারীকে অনুরোধ করা হয়। — সেক্রেটারী

<u>আইটেম - ৯ ঃ বিবিধ</u>

১৪। <u>মসজিদ সংস্কার/উন্নয়ন মূলক কাজ ঃ</u> এড হক কমিটির ট্রেজারার ডিওএইচএস মসজিদের নিম্নলিখিত সংস্কার/উন্নয়ন মূলক কাজের প্রস্তাব করেন ঃ

ক। মসজিদের সামনে মাঠের তিন পাশে হানীকম ওয়াল/মেশ নেটের উপর পাতা বাহার লতা তুলে দিয়ে মসজিদের সামনে পায়ে চলার রাস্তার মাঝে আড় তৈরী করার প্রস্তাব করেন।

খ। মসজিদের ২য় তলার ফ্লোরের টাইলস দুইবার আপনা আপনি ভেঙ্গে যায়। ইহার কারন উৎঘটন করা প্রয়োজন।

গ। মসজিদের ৩য় তলায় উঠা নামার জন্য কেবল ১টি সিঁড়ি রয়েছে। জুম্মার নামাজের সময় উক্ত সিঁড়িতে প্রচন্ড চাপ পড়ে। জরুরি অবস্থায় বের হওয়ার আর কোন রাস্তা নেই। এমতাবস্তায় মসজিদের দক্ষিন পাশ দিয়ে একটি লোহার সিড়ি দিয়ে নিচে নামার ব্যবস্থা করার প্রস্তাব করা হয়।

ঘ। অনুরূপভাবে মসজিদের উত্তর পাশ দিয়ে অযু খানায় নামার জন্য ও একটি সিড়ি করার প্রস্তাব করা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> মসজিদের নকশা তৈরীর শুরু থেকে লেঃ কর্ণেল শামসুদ্দিন আহমদ, ইঞ্জিঃ (অবঃ) সম্পৃক্ত ছিলেন, বিধায় তিনি, ডেভেলপমেন্ট ও মেনটেনেন্স সাব-কমিটি ও মসজিদ সাব-কমিটি যৌথভাবে মসজিদের ড্রইং ডিজাইন পার্যালোচনা করে মসজিদের কাঠামোগত ভাবে ও আর্থিকভাবে উক্তকাজ গুলো করা সম্ভব কিনা তার একটি প্রতিবেদন পেশ করার অনুরোধ করা হয়। — কনভেনার মসজিদ সাব-কমিটি

১৫। <u>মসজিদের ২য় তলায় এসি লাগান প্রসঙ্গে ঃ</u> এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং রমজান মাসের পূর্বেই ২য় তলায় এসি লাগানোর ব্যবস্থা করা যেতে পারে। Estimated খরচ টাকা ৩৫,০০,০০০.০০ (পঁত্রিশ লক্ষ)। এমতাবস্থয়, কিউএম'জি শাখার অনুমতি স্বাপেক্ষে 'এসি' লাগানোর সিদ্ধান্ত হয়। — মসজিদ সাব-কমিটি

১৬। **অভিনন্দন ঃ** পরিশেষে, ডিওএইচএস এর পরিষ্কার পরিচ্ছন্নতার মান বৃদ্ধি করায় মাননীয় সভাপতি কমিটির সকলের পক্ষ থেকে মেম্বর এ্যাডমিন লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দেলোয়ার হোসেন (অবঃ)কে অভিনন্দন জানান।

১৭। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কার্যক্রম শেষ করেন।

মেজর জেনাঃ কাজী আশফাক আহমেদ, পিএসসি (অবঃ)
সভাপতি

তারিখ ঃ ২৪ মার্চ ২০১৫

লেঃ কর্ণেল মোঃ আবদুল খালেক, পিএসসি (অ
সেক্রেটারী

তারিখ ঃ ২৪ মার্চ ২০১৫

কার্যক্রম ঃ

এড-হক কমিটির সদস্যগণ